تَحْتِي نُورًا، اَللّٰهُمَّ اَعْطِنِيْ نُورًا، وَمِنْ تَحْتِيْ نُورًا، وَعَنْ
يَمِيْنِيْ نُورًا، وَعَنْ شِمَالِيْ نُورًا، وَمِنْ بَيْنِ يَدَيَّ نُورًا،
وَمِنْ خَلْفِيْ نُورًا، وَاجْعَلْ فِيْ نَفْسِيْ نُورًا، وَاعْظِمْ لِيْ نُورًا

‘হে আল্লাহ! আমার অন্তরে নূর দান করুন, আমার জিহ্বায় নূর দান করুন, আমার কানে নূর দান করুন, আমার চোখে নূর প্রদান করুন, আমার পেছনে নূর দান করুন, আমার সামনে নূর দান করুন, আমার ওপরে নূর দান করুন, আমার নিচে নূর দান করুন। হে আল্লাহ! আমাকে নূর দিয়ে দিন। আমার নিচে নূর দান করুন, নূর দান করুন আমার ডান দিক থেকে, আমার বাম দিক থেকে নূর দান করুন, আমার সামনে থেকে নূর দান করুন, আমার অন্তরে নূর দান করুন এবং আমাকে নূর দিয়ে ভরপুর করে দিন।’^[১২৭]

মসজিদে প্রবেশ এবং বের হওয়ার আদব

[১০৫] মসজিদে প্রবেশের সুন্নত পাঁচটি।

⇒ বিসমিল্লাহ পড়া,

⇒ দরুদ শরিফ পড়া,

⇒ দুআ পড়া। এ তিনটি একসাথে পড়া যায় এভাবে :

بِسْمِ اللّٰهِ، وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلَى رَسُوْلِ اللّٰهِ، اَللّٰهُمَّ
اِفْتَحْ لِيْ اَبْوَابَ رَحْمَتِكَ

আল্লাহর নামে (প্রবেশ করছি), দরুদ এবং সালাম (বর্ষিত হোক) আল্লাহর রাসূলের ওপর। হে আল্লাহ! আপনার রহমতের

দরজাগুলো আমার জন্য খুলে দিন।

- ⇒ ডান পা আগে দিয়ে মসজিদে প্রবেশ করা এবং
- ⇒ মসজিদে প্রবেশের সময় ইতিকারের নিয়ত করা।

[১০৬] মসজিদ থেকে বের হওয়ার সুন্নত চারটি।

- ⇒ বিসমিল্লাহ পড়া,
- ⇒ দরুদ শরিফ পড়া,
- ⇒ দুআ পড়া। এ তিনটি একসাথে পড়া যায় এভাবে :

بِسْمِ اللَّهِ، وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلَى رَسُولِ اللَّهِ، اللَّهُمَّ إِنِّي
أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ

আল্লাহর নামে (প্রবেশ করছি), দরুদ এবং শান্তি (বর্ষিত হোক)
আল্লাহর রাসুলের ওপর, হে আল্লাহ! আপনার কাছে আপনার
অনুগ্রহ আমি প্রার্থনা করছি।

- ⇒ মসজিদের বাইরে বাম পা আগে রাখা।

[১০৭] আবু হুমাইদ رضي الله عنه অথবা আবু উসাইদ رضي الله عنه বলেছেন, রাসূলুল্লাহ ﷺ বলেন, ‘তোমরা মসজিদে প্রবেশের সময় প্রথমে নবির ওপর দরুদ পড়বে, তারপর এই দুআ পড়বে :

اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ،

হে আল্লাহ! আপনার রহমতের দরজাগুলো আমার জন্য খুলে
দিন।

আর মসজিদ থেকে বের হওয়ার সময় পড়বে :

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ

সকাল-সন্ধ্যার যিকির

[২৩৭] একবার সালমান রাঃ-কে ডেকে নবি সঃ বললেন, ‘আল্লাহর নবি চাচ্ছেন দয়াময় আল্লাহর তরফ থেকে কয়েকটি বাক্য উপহার হিসেবে তোমাকে শিখিয়ে দেবেন। আর সেসবের প্রতি তুমি আগ্রহও বোধ করবে। আবার দিনে-রাতে সেসবের মাধ্যমে তুমি দুআও করবে। (সেগুলো হচ্ছে :)

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْأَلُكَ صِحَّةً فِىْ اِيْمَانٍ، وَاِيْمَانًا فِىْ حُسْنِ
خُلُقِىْ، وَنَجَاةً يَّتَبَعُهَا فَلَاحٌ، وَرَحْمَةً مِّنْكَ وَعَافِيَةً،
وَمَغْفِرَةً مِّنْكَ وَرِضْوَانًا

হে আল্লাহ! আপনার কাছে ঈমানের সাথে সুস্থতা, সুন্দর চরিত্রের সাথে ঈমান, (দুনিয়াবি) সফলতার পরে (পরকালীন) সাফল্য, আপনার পক্ষ হতে অনুগ্রহ, করুণা, মাগফিরাত আর সন্তুষ্টি প্রার্থনা করছি।^[২৩৭]

দিনের প্রথমাংশে নামাজ পড়া

[২৩৮] আবুদ দারদা এবং আবু যার রাঃ রাসূলুল্লাহ সঃ থেকে বর্ণনা করেছেন। হাদীসে কুদসিতে আল্লাহ তাআলা বলেন, ‘হে আদম সন্তান! দিনের শুরুতে আমার জন্য চার রাকাত (নফল) আদায় করে নাও, দিনের শেষ পর্যন্ত আমি তোমার জন্য যথেষ্ট হয়ে যাব।’^[২৩৮]

বিভিন্ন সময়ের ওজিফা

[২৩৯] আবু হুরায়রা রাঃ থেকে বর্ণিত, নবি সঃ বলেছেন, ‘কোনো ব্যক্তি

[২৩৭] আল মুজামুল আওসাত, হাদীস নং : ৯৩৩৩, হাসান

[২৩৮] সুনানুত তিরমিজি, হাদীস নং : ৪৭৫, সহীহ

দিনের বেলা একশ বার এ দুআটি পড়লে, দশটি গোলাম আজাদ করার সমপরিমাণ নেকি পাবে। এ ছাড়া তার জন্য লেখা হবে একশটি সওয়াব, মিটিয়ে দেওয়া হবে একশটি গুনাহ। সেদিন (সকাল থেকে) সন্ধ্যা পর্যন্ত শয়তানের কবল থেকে সে নিরাপদ থাকবে। কোনো লোক তার চাইতে উত্তম সওয়াবের কাজ করতে সক্ষম হবে না। যে ব্যক্তি আমলটি তার চেয়েও অধিক পরিমাণে করবে, সে ছাড়া আর কেউ তার থেকে উত্তম সওয়াবের কাজ করতে পারবে না। (দুআটি হলো :)

لَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ،
وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ،

আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই। তিনি একক, তাঁর কোনো শরিক নেই। রাজত্ব তাঁর, সমস্ত প্রশংসাও তাঁরই। সবকিছুর ওপর তিনি
পূর্ণ ক্ষমতাবান।^[২৪০]

[২৪০] এই দুআটির ফজিলত সম্পর্কে আরেকটি হাদীস বর্ণিত হয়েছে। রাসূলুল্লাহ ﷺ বলেছেন, ‘কোনো ব্যক্তি প্রতিদিন দুইশবার এই দুআ পড়লে তাকে কেউ ছাড়িয়ে যেতে পারবে না, কেউ তাকে ধরতেও পারবে না। তবে হ্যাঁ, তার থেকেও ভালো কাজ যে করবে, তার কথা ভিন্ন।^[২৪০]

[২৪১] সাদ রাঃ বলেন, রাসূলুল্লাহ ﷺ-এর কাছে আমরা বসা ছিলাম। তিনি বললেন, ‘তোমাদের কেউ কি প্রতিদিন এক হাজার নেকি অর্জন করতে পারবে?’ তখন উপস্থিত একজন প্রশ্ন করল, আমরা কিভাবে এক হাজার নেকি অর্জন করতে পারব? তিনি বললেন, ‘একশবার সুবহানাল্লাহ (سُبْحَانَ اللَّهِ) পাঠ করলে তার জন্য এক হাজার নেকি লেখা হয় এবং এক হাজার গুনাহ তার থেকে মিটিয়ে দেওয়া হয়।’^[২৪১]

[২৪২] আবু মালিক আশআরি রাঃ থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল ﷺ বলেছেন, ‘পবিত্রতা হলো ঈমানের অর্ধেক অংশ। الْحَمْدُ لِلَّهِ

[২৬৯] সহীছুল বুখারি, হাদীস নং : ৩২৯৩ ও ৬৪০৩; সহীহ মুসলিম, হাদীস নং : ২৬৯১, সহীহ

[২৭০] মুসনাদু আহমাদ, হাদীস নং : ৬৭৪০ ও ৭০০৫, হাসান

[২৭১] সহীহ মুসলিম, হাদীস নং : ২৬৯৮, সহীহ

পাল্লাকে পরিপূর্ণ করে দেবে **سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ** আসমান ও জমিনের মধ্যবর্তী স্থানকে (সওয়াব দ্বারা) পরিপূর্ণ করে দেবে’^[২৭২]

[২৪৩] আনাস رضي الله عنه বলেছেন, আল্লাহর নবি ﷺ একবার একটি গাছের পাশ দিয়ে যাচ্ছিলেন। গাছটির পাতা ছিল শুষ্ক। তিনি লাঠি দিয়ে গাছটিতে আঘাত করলে পাতাগুলো ঝরে পড়তে লাগল। তখন তিনি বললেন, **اللَّهُ أَكْبَرُ** ও **الْحَمْدُ لِلَّهِ**, **سُبْحَانَ اللَّهِ**, **لَا إِلَهَ إِلَّا اللَّهُ** (পাঠ করা) বান্দার গুনাহগুলো ঝরিয়ে দেয়, যেভাবে এই গাছটির পাতাগুলো ঝরে পড়ছে।^[২৭৩]

[২৪৪] আবুদ দারদা رضي الله عنه থেকে বর্ণিত, নবি ﷺ বলেছেন, ‘তোমাদের কেউ কি এক রাতে কুরআনের এক-তৃতীয়াংশ পড়তে পারবে না?’ সাহাবিরা বললেন, এটা কী করে সম্ভব? নবি ﷺ বললেন, ‘সূরা ইখলাস কুরআনের এক-তৃতীয়াংশের সমান।’^[২৭৪]

সূরা ইখলাস নিচে দেওয়া হলো :

قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ۝ اللَّهُ الصَّمَدُ ۝ لَمْ يَلِدْ ۝ وَلَمْ يُولَدْ ۝
لَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ ۝

[২৪৫] আবু মাসউদ বদরি رضي الله عنه বলেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন, ‘যে ব্যক্তি সূরা বাকারার শেষ আয়াত দুটি রাতের বেলা তিলাওয়াত করবে, তার জন্য এটাই যথেষ্ট হবে।’^[২৭৫]

সূরা বাকারার শেষ দুটি আয়াত হলো :

أَمَّا الرَّسُولُ بِمَا أُنْزِلَ إِلَيْهِ مِنْ رَبِّهِ وَالْمُؤْمِنُونَ
كُلٌّ أَمِنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لَا نُفَرِّقُ بَيْنَ
أَحَدٍ مِنْ رُسُلِهِ ۚ وَقَالُوا سَمِعْنَا وَأَطَعْنَا ۚ غُفْرَانَكَ رَبَّنَا

[২৭২] সহীহ মুসলিম হাদিস নং : ৪২২

[২৭৩] সুনানুত তিরমিজি, হাদিস নং : ৩৫৩৩; তা’লীকুর রাগীব, হাদিস নং : ২/২৪৯; হাসান

[২৭৪] সহীহ মুসলিম, হাদিস নং : ৮১১; সহীহুল বুখারি, হাদিস নং : ৮১১, সহীহ

[২৭৫] সহীহুল বুখারি, হাদিস নং : ৪০০৮; সহীহ মুসলিম, হাদিস নং : ৮০৮, সহীহ

জিহাদ সম্পর্কিত বিভিন্ন দুআ

জিহাদে রওনা হওয়ার সময়

[৩৯২] আবদুল্লাহ ইবনু উমর রা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ স ৩১৫ জন নিয়ে বদর প্রান্তরের অভিমুখে রওনা হয়ে এ দুআ করলেন,

اَللّٰهُمَّ اِنَّهُمْ حُفَاةٌ فَاحْبِلْهُمْ، اَللّٰهُمَّ اِنَّهُمْ عُرَاةٌ
فَاكْسُهمْ، اَللّٰهُمَّ اِنَّهُمْ جِيَاْعٌ فَاَشْبِعْهُمْ

‘হে আল্লাহ! এরা পদাতিক বাহিনী, এদেরকে আপনি বাহন দান করুন। হে আল্লাহ! এরা বস্ত্রহীন, এদেরকে পরিধানের কাপড় দান করুন। হে আল্লাহ! এরা ক্ষুধার্ত, এদেরকে খাদ্য দিয়ে তৃপ্ত করুন।’

তারপর আল্লাহ তাঁর নবিকে বদরে বিজয় দান করলেন। সাহাবিরা যখন সেখান থেকে ফিরে আসেন, তখন তাঁদের প্রত্যেকেরই ছিল একটি বা দুটি উট। তাঁরা ছিলেন পোশাক পরিহিত এবং তৃপ্ত।^[৪৩৩]

বাহিনীকে এগিয়ে দেওয়ার সময়

[৩৯৩] আবদুল্লাহ ইবনু আব্বাস রা বলেন, মুজাহিদ-বাহিনী রওনা হওয়ার সময় বাকী কবরস্থান পর্যন্ত তাদেরকে এগিয়ে দিয়ে রাসূল স বলতেন,

اِنْطَلِقُوْا عَلٰى اَسْمِ اللّٰهِ، اَللّٰهُمَّ اَعِنْهُمْ

‘আল্লাহর নামে রওনা হয়ে যাও। হে আল্লাহ! তাদের সাহায্য

করুন।^[৪০৪]

জিহাদের সময় দুআ করা

[৩৯৪] আল্লাহ তাআলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمْ فِئَةً فَاثْبُتُوا وَاذْكُرُوا
اللَّهَ كَثِيرًا لَّعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿٣٥﴾

হে ঈমানদারগণ, কোনো সৈন্যদলের সাথে যখন তোমরা যুদ্ধ করবে তখন দৃঢ়পদ থাকবে এবং আল্লাহকে বেশি বেশি স্মরণ করবে। যাতে তোমরা সফলতা অর্জন করতে পারো।^[৪০৫]

[৩৯৫] আবদুল্লাহ ইবনু আব্বাস রা থেকে বর্ণিত, বদরের দিন নবি সা একটি তাঁবুতে অবস্থান করে বলছিলেন,

اللَّهُمَّ إِنِّي أَنشُدُكَ عَهْدَكَ وَعُودَكَ، اللَّهُمَّ إِن شِئْتَ لَمْ
تُعَبِّدْ بَعْدَ الْيَوْمِ

‘হে আল্লাহ! আমি আপনার প্রতিশ্রুতি ও ওয়াদার দোহাই দিয়ে বলছি, আপনি যদি (আমাদের পরাজয়) চান, তাহলে আজকের পরে আর আপনার ইবাদত করা হবে না।’

এ পর্যায়ে নবি সা-এর হাত ধরে আবু বকর রা বললেন, ‘যথেষ্ট হয়েছে।’ রাসূলুল্লাহ সা তখন এ আয়াত পড়তে পড়তে বেরিয়ে এলেন,

سَيُهِزَمُ الْجَمْعُ وَ يُؤْتُونَ الدُّبْرَ ﴿٣٦﴾ بَلِ السَّاعَةُ
مَوْعِدُهُمْ وَالسَّاعَةُ أَذْهَى وَأَمْرٌ ﴿٣٧﴾

[৪৩৪] আল মুসতাদারাক আলাস সহীহাইন, হাদীস নং ২৪৮০, সহীহ

[৪৩৫] সূরা আনফাল, ৮ : ৪৫

‘শীঘ্রই শত্রুদল পরাজিত হয়ে পৃষ্ঠ প্রদর্শন করবে। বস্তুত কিয়ামত তাদের প্রতিশ্রুত সময়। আর কিয়ামত আরও বেশি কঠিন এবং অনেক বেশি তিক্ত।’^[৪৩৬]

[৩৯৬] উমর ইবনুল খাতাব রাঃ থেকে বর্ণিত, বদরের দিন নবি সঃ কিবলামুখী হয়ে দুহাত উঁচু করে দুআ করছিলেন,

اللَّهُمَّ أَخْزِئِي مَا وَعَدْتَنِي، اللَّهُمَّ أَتِ مَا وَعَدْتَنِي، اللَّهُمَّ
إِنْ تُهْلِكَ هَذِهِ الْعَصَابَةَ مِنْ أَهْلِ الْإِسْلَامِ لَا تُعَبِّدْ فِي
الْأَرْضِ

‘হে আল্লাহ! আমাকে যে ওয়াদা দিয়েছেন, তা পূরণ করুন। হে আল্লাহ! আমাকে যা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন, তা প্রদান করুন। হে আল্লাহ! মুসলিমদের এই ক্ষুদ্র দলটিকে যদি আপনি ধ্বংস করে দেন, তবে পৃথিবীতে আপনার ইবাদত করার মতো কেউ থাকবে না।’^[৪৩৭]

[৩৯৭] আবদুল্লাহ ইবনু আবী আওফা রাঃ থেকে বর্ণিত, কোনো এক যুদ্ধে রাসূলুল্লাহ সঃ শত্রুদের সাথে মুখোমুখি হয়ে সূর্য ঢলে যাওয়া পর্যন্ত অপেক্ষা করলেন। এরপর সাহাবিদের সামনে দাঁড়িয়ে ঘোষণা করলেন, ‘হে লোকসকল! শত্রুর মুখোমুখি হওয়ার আকাঙ্ক্ষা না করে আল্লাহর কাছে নিরাপত্তা প্রার্থনা করবে। তবে শত্রুর মুখোমুখি হলে তখন ধৈর্যধারণ করবে। জেনে রেখো, জান্নাত তরবারির ছায়াতলে।’ এরপর রাসূলুল্লাহ সঃ দুআ করলেন,

اللَّهُمَّ مُنْزِلَ الْكِتَابِ، وَمُجَرِّى السَّحَابِ، وَهَازِمَ
الْأَحْزَابِ، اهْزِمْهُمْ، وَانْصُرْنَا عَلَيْهِمْ

[৪৩৬] সহীহুল বুখারি, হাদীস নং : ২৯১৫; আয়াতটি সূরা ক্বামার, ৫৪ : ৪৫-৪৬

[৪৩৭] সহীহ মুসলিম, হাদীস নং : ১৭৬৩, সহীহ

বিপদের সময় করণীয়

বিপদ থেকে আশ্রয় প্রার্থনা করা

[৪০৮] আবুল ইয়াসার রাঃ বলেন, রাসূলুল্লাহ সঃ এমন দুআ করতেন,

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَدْمِ، وَأَعُوذُ بِكَ مِنَ التَّرَدَّى،
وَأَعُوذُ بِكَ مِنَ الْغَرَقِ، وَالْحَرَقِ، وَالْهَرَمِ، وَأَعُوذُ بِكَ أَنْ
يَتَخَبَّطَنِيَ الشَّيْطَانُ عِنْدَ الْمَوْتِ، وَأَعُوذُ بِكَ أَنْ أَمُوتَ
فِي سَبِيلِكَ مُدْبِرًا، وَأَعُوذُ بِكَ أَنْ أَمُوتَ لَدِيغًا

‘হে আল্লাহ! আমি আপনার কাছে আশ্রয় চাই চাপা পড়ে মৃত্যুবরণ করা থেকে, উঁচু স্থান হতে পতিত হয়ে মারা যাওয়া থেকে। আশ্রয় চাই পানিতে ডুবে ও আগুনে পুড়ে মৃত্যুবরণ থেকে এবং অতি বার্ধক্য হতে। আশ্রয় চাই মৃত্যুকালে শয়তানের প্রভাব, আপনার পথে জিহাদ থেকে পলায়নপর অবস্থায় মৃত্যু এবং বিষাক্ত প্রাণীর দংশনজনিত মৃত্যু থেকে।’^[৪০৮]

বিপদকালে যেসব দুআ পড়তে হয়

[৪০৯] আবদুল্লাহ ইবনু আব্বাস রাঃ বলেন, বিপদের সময় নবি সঃ (এ দুআ) বলতেন,

لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْعَظِيمُ الْحَلِيمُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ الْعَرْشِ

الْعَظِيمِ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ السَّمَاوَاتِ وَرَبُّ الْأَرْضِ
وَرَبُّ الْعَرْشِ الْكَرِيمِ

‘আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই। তিনি মহান, পরম সহনশীল। আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই। তিনি মহান আরশের অধিপতি। আসমানের প্রতিপালক, জমিনের প্রতিপালক এবং সম্মানিত আরশের অধিপতি আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই।’^[৪৫০]

[৪১০] অন্য বর্ণনামতে নবি ﷺ এই দুআ পড়তেন,

لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْعَظِيمُ الْحَلِيمُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ السَّمَاوَاتِ
وَالْأَرْضِ، وَرَبُّ الْعَرْشِ الْعَظِيمِ

‘মহান, পরম সহনশীল আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই। আসমান এবং জমিনের প্রতিপালক, মহান আরশের অধিপতি আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই।’^[৪৫১]

[৪১১] আরেক বর্ণনামতে বিপদের সময় নবি ﷺ নিচের কালিমাগুলো পড়ার পর দুআ করতেন,

لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْحَلِيمُ الْعَظِيمُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ الْعَرْشِ
الْعَظِيمِ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ الْعَرْشِ الْكَرِيمِ، لَا إِلَهَ إِلَّا
اللَّهُ رَبُّ السَّمَاوَاتِ وَرَبُّ الْأَرْضِ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيمِ

‘মহান, পরম সহনশীল আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই। মহান আরশের অধিপতি আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই। সম্মানিত

[৪৫০] সহীহ মুসলিম, হাদীস নং : ২৭৩০; সহীহুল বুখারি, হাদীস নং : ৬৩৪৬, সহীহ

[৪৫১] সহীহুল বুখারি, হাদীস নং : ৬৩৪৫, সহীহ

দাম্পত্য জীবনের দুআ

বিয়ের প্রস্তাব দেওয়ার আগে

[৫১৬] আবু আইয়ুব রাঃ-কে নবি সঃ বলেছিলেন, “বিয়ের প্রস্তাব দেওয়ার আগে সুন্দরভাবে ওজু করে যথাসম্ভব নফল নামাজ পড়বে। এরপর আল্লাহর প্রশংসা এবং বড়ত্ব বর্ণনা করবে। তারপর বলবে,

اَللّٰهُمَّ اِنَّكَ تَقْدِرُ وَلَا اَقْدِرُ، وَتَعْلَمُ وَلَا اَعْلَمُ، وَانْتَ
عَلَّامُ الْغُيُوبِ، فَاِنْ رَاَيْتَ فِيْ فُلَانَةٍ (মেয়েটির নাম) خَيْرًا لِّيْ
فِيْ دِيْنِيْ وَدُنْيَايَ وَآخِرَتِيْ فَاَقْدِرْهَا لِيْ، وَاِنْ كَانَ غَيْرَهَا
خَيْرًا لِّيْ مِنْهَا فِيْ دِيْنِيْ وَدُنْيَايَ وَآخِرَتِيْ، فَاَقْضُ لِيْ ذٰلِكَ

হে আল্লাহ! আপনি পারেন, আমি পারি না। আপনি জানেন, আমি জানি না। আপনি তো অদৃশ্যের মহাজ্ঞানী। অমুক মেয়েটি আমার দ্বীন, দুনিয়া এবং আখিরাতের ক্ষেত্রে মঙ্গলজনক হলে আমার জন্য তাকে নির্ধারণ করে দিন। আর সে ছাড়া অন্য কেউ আমার দ্বীন, দুনিয়া এবং আখিরাতের ক্ষেত্রে বেশি কল্যাণকর হয়ে থাকলে আমার জন্য তার ফয়সালা করে দিন। ﴿৫১৬﴾

নেককার সঙ্গী পেতে চাইলে

আল্লাহ তাআলা আমাদেরকে চাইতে বলেছেন এভাবে :

رَبَّنَا هَبْ لَنَا مِنْ اَزْوَاجِنَا وَذُرِّيَّتِنَا قُرَّةَ اَعْيُنٍ وَ

[৫৬২] সহীহ ইবনু হিব্বান, হাদীস নং : ৪০৪০; আল মুসতাদরাক আলাস সহীহাইন, হাদীস নং : ২৬৯৮, সহীহ

اجْعَلْنَا لِلْمُتَّقِينَ اِمَامًا

‘হে আমাদের রব! আমাদেরকে আপনি এমন স্ত্রী ও সন্তানাদি দান করুন, যারা আমাদের চক্ষু শীতল করবে। আর আপনি আমাদেরকে মুভাকিদের ইমাম বানিয়ে দিন।’^[৫৩৩]

বিবাহের খুতবা

[৫১৭] আবদুল্লাহ ইবনু মাসউদ রাঃ বলেন, বিবাহ ইত্যাদি অনুষ্ঠানের জন্য খুতবা রাসূলুল্লাহ সঃ আমাদের শিখিয়েছেন। যা হচ্ছে,

الْحَمْدُ لِلَّهِ نَسْتَعِينُهُ وَنَسْتَغْفِرُهُ وَنَعُوذُ بِهِ مِنْ شُرُورِ
أَنْفُسِنَا، مَنْ يَهْدِ اللَّهُ فَلَا مُضِلَّ لَهُ، وَمَنْ يَضِلَّ فَلَا
هَادِيَ لَهُ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا
عَبْدُهُ وَرَسُولُهُ،

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ الَّذِي تَسَاءَلُونَ بِهِ وَ
الْأَرْحَامَ إِنَّ اللَّهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا، يَا أَيُّهَا الَّذِينَ
آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تَقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَ أَنْتُمْ
مُسْلِمُونَ، يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَقُولُوا قَوْلًا
سَدِيدًا، يُصْلِحْ لَكُمْ أَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ
وَمَنْ يُطِيعِ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيمًا

‘সমস্ত প্রশংসার এক আল্লাহর জন্যই। আমরা তাঁর কাছে সাহায্য চাই, তাঁর কাছে ক্ষমা চাই এবং তাঁর কাছে আশ্রয় প্রার্থনা করি আমাদের দেহ ও আত্মার সকল অনিষ্ট থেকে। আল্লাহ যাকে

গোনাহ থেকে মুক্তির উপায়

গোনাহ হয়ে গেলে করণীয়

[৬৫৪] আলি রা বলেন, আবু বকর রা আমাকে একটি হাদীস বর্ণনা করলেন, মূলত তিনি সত্যই বলেছেন। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ স-কে বলতে শুনেছি, যখন কোনো বান্দা গুনাহ করার পর উত্তমরূপে ওজু করে দু'রাকাত নামাজ আদায় করে এবং আল্লাহর কাছে গুনাহের জন্য ক্ষমা প্রার্থনা করে, নিশ্চয়ই আল্লাহ তাকে ক্ষমা করে দেন। অতঃপর তিনি প্রমাণ হিসেবে এ আয়াত তিলাওয়াত করলেন :

وَالَّذِينَ إِذَا فَعَلُوا فَاحِشَةً أَوْ ظَلَمُوا أَنْفُسَهُمْ ذَكَرُوا اللَّهَ
فَاسْتَغْفَرُوا لِذُنُوبِهِمْ وَمَنْ يَغْفِرِ الذُّنُوبَ إِلَّا اللَّهُ وَلَمْ
يَصِرْوا عَلَىٰ مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ

আর যারা কোনো অশ্লীল কাজ করলে অথবা নিজদের প্রতি জুলুম করলে আল্লাহকে স্মরণ করে, অতঃপর তাদের গুনাহের জন্য ক্ষমা চায়। আর আল্লাহ ছাড়া কে আছে, যে গুনাহ ক্ষমা করবে? আর তারা যা করেছে, জেনে-শুনে তা বারবার করে না। (সূরা আলি ইমরান : ১৩৫)।^[৭৩৫]

[৬৫৫] আবু যার রা একবার নবি স-এর কাছে উপদেশ চাইলে তিনি বললেন, 'কোনো মন্দ কাজ করে ফেললে এর পরপরই একটি ভালো কাজ করবে, যা মন্দ কাজটিকে মিটিয়ে দেবে।' আবু যার রা জানতে চাইলেন, 'লা ইলাহা ইল্লাল্লাহ বলাও কি ভালো কাজের অন্তর্ভুক্ত?' উত্তরে নবি স

বললেন, ‘সেটা সর্বোত্তম ভালো কাজ।’^[৭৩৬]

ভয়ঙ্কর গুনাহ থেকে মাফ পাওয়ার দুআ

[৬৫৬] যাইদ رضي الله عنه শুনেছেন যে নবি ﷺ এ কথা বলেছেন, ‘যে লোক বলে,

أَسْتَغْفِرُ اللَّهَ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ وَأَتُوبُ
إِلَيْهِ،

আল্লাহর কাছে আমি ক্ষমা চাইছি, যিনি ছাড়া কোনো মাবুদ নেই।
তিনি চিরঞ্জীব, চিরস্থায়ী। আর তাঁর কাছে আমি তাওবা করছি।

তাকে ক্ষমা করে দেওয়া হয়, যদিও সে যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে থাকে।’^[৭৩৭]

⇒ সংক্ষেপে দুআটি অনেকেই এভাবে বলে থাকেন :

أَسْتَغْفِرُ اللَّهَ وَأَتُوبُ إِلَيْهِ

[৬৫৭] আলি رضي الله عنه বলেন, রাসূলুল্লাহ ﷺ আমাকে বললেন, ‘তোমাকে কি এমন কিছু বাক্য আমি শিখিয়ে দেবো না, যেগুলো বললে আল্লাহ তোমাকে মাফ করে দেবেন, আর তুমি হয়ে যাবে ক্ষমাপ্রাপ্ত? তুমি বলবে,

لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْعَلِيُّ الْعَظِيمُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْحَكِيمُ
اَلْكَرِيمُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ سُبْحَانَ اللَّهِ رَبِّ الْعَرْشِ الْعَظِيمِ،
اَلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, তিনি অতি সম্মানিত, মহান।
অতি সহনশীল ও পরম দয়ালু আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই।
আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই, যিনি চিরপবিত্র, মহান আরশের
অধিপতি। সমস্ত প্রশংসা বিশ্বজাহানের প্রতিপালক আল্লাহর

[৭৩৬] মুসনাদু আহমাদ, হাদীস নং : ২১৪৮৭, হাসান লিগাইরিহি

[৭৩৭] সুনানু আবী দাউদ, হাদীস নং : ১৫১৭; সুনানুত তিরমিজি, হাদীস নং : ৩৫৭৭, সহীহ

শয়তান থেকে বাঁচার উপায়

প্রতিটি মানুষের পেছনেই শয়তান লেগে থাকে

[৮০২] আয়িশা রাঃ থেকে বর্ণিত, কথার ফাঁকে একদিন তিনি নবি ﷺ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসূল! আমার সঙ্গেও কি শয়তান রয়েছে? নবি ﷺ বললেন, হ্যাঁ, অবশ্যই। তারপর তিনি বললেন, প্রত্যেক মানুষের সাথেই কি শাইতান (শয়তান) রয়েছে? রাসূলুল্লাহ ﷺ বললেন, হ্যাঁ। তারপর আয়িশা রাঃ বললেন, হে আল্লাহর রাসূল! আপনার সঙ্গেও কি রয়েছে? নবি ﷺ বললেন, হ্যাঁ, আমার সঙ্গেও। তবে আল্লাহ তাআলা তার মোকাবিলায় আমাকে সাহায্য করেছেন। এখন তার ব্যাপারে আমি সম্পূর্ণরূপে নিরাপদ।^[৮০৩]

শয়তান থেকে বেঁচে থাকা

[৮০৩] আল্লাহ তাআলা বলেন,

وَمَا يَنْزَعُكَ مِنَ الشَّيْطَانِ نَزْعٌ فَاسْتَعِذْ بِاللَّهِ إِنَّهُ
سَمِيعٌ عَلِيمٌ

শয়তানের পক্ষ থেকে যদি তুমি কুমন্ত্রণা অনুভব করো, তাহলে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করো। তিনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।^[৮০৪]

[৮০৪] কুরআন পড়ার আগে আল্লাহর কাছে আশ্রয় চাওয়া

[৮০৩] সহীহ মুসলিম, হাদীস নং : ২৮১৫, সহীহ

[৮০৪] সূরা আ'রাফ, ৭ : ২০০

فَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَعِذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ ﴿١٩﴾

তুমি যখনই কুরআন পাঠ করবে, তখন অভিশপ্ত শয়তান থেকে আল্লাহর নিকট আশ্রয় চাইবে।^[৮০৫]

আল্লাহর কাছে আশ্রয় চাইব যেভাবে

[৮০৫] আল্লাহ তাআলা আমাদেরকে শয়তান থেকে বাঁচার দুআ শিখিয়ে দিয়েছেন। শয়তান আক্রমণ করলে আমরা বলব :

رَبِّ أَعُوذُ بِكَ مِنْ هَزَاتِ الشَّيْطَانِ ﴿٢٩﴾ وَأَعُوذُ بِكَ رَبِّ
أَنْ يَحْضُرُونِ ﴿١٩﴾

রব আমার! শয়তানদের প্ররোচনা হতে আপনার কাছে আমি আশ্রয় চাই। রব আমার! আপনার কাছে আমি আশ্রয় চাইছি, যাতে তারা আমার ধারেকাছেও না আসতে পারে।^[৮০৬]

[৮০৬] আবু যুমাইল রাঃ বলেন, আবদুল্লাহ ইবনু আব্বাস রাঃ আমাকে বললেন, ‘অন্তরে সন্দেহজনক কিছু অনুভব করলে নিচের আয়াতটি তুমি তিলাওয়াত করবে।^[৮০৭]

هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ ۚ وَهُوَ بِكُلِّ شَيْءٍ
عَلِيمٌ ﴿٢٠﴾

“তিনিই আদি, তিনিই অন্ত, তিনিই প্রকাশ্য এবং তিনিই গুপ্ত।
আর সবকিছুই তিনি জানেন।”^[৮০৮]

[৮০৫] সূরা নাহল, ১৬ : ৯৮

[৮০৬] সূরা মুমিনুন, ২৩ : ৯৭-৯৮

[৮০৭] সুনানু আবী দাউদ, হাদীস নং : ৫১১০, মাওকুফ হাসান

[৮০৮] সূরা হাদীদ, ৫৭ : ৩

ক্যারিয়ার বিষয়ক দুআ

নিজের ইনকামে তুষ্ট থাকা

[৮২৯] আবদুল্লাহ ইবনু আব্বাস রাঃ বলেন, রাসূলুল্লাহ সঃ দুআতে বলতেন,

اَللّٰهُمَّ قَنِّعْنِيْ بِمَا رَزَقْتَنِيْ، وَبَارِكْ لِّيْ فِيْهِ، وَاخْلُفْ عَلَيَّ
كُلَّ غَائِبَةٍ لِّيْ بِخَيْرٍ

‘হে আল্লাহ! আমাকে যে রিযিক দিয়েছেন, তা নিয়ে তুষ্ট থাকার তাওফিক দিন। আমার জন্য সেটাতে বরকত দান করুন। আর আমার থেকে যা হারিয়ে গেছে, এমন প্রতিটি বিষয়ে কল্যাণের সাথে আপনি স্থলাভিষিক্ত হয়ে যান।’^[৮২৯]

সচ্ছল ও স্বাবলম্বী হওয়ার দুআ

[৮৩০] আবদুল্লাহ ইবনু মাসউদ রাঃ থেকে বর্ণিত, নবি সঃ এই বলে দুআ করতেন,

اَللّٰهُمَّ اِنِّيْ اَسْأَلُكَ الْهُدٰى وَالتُّقٰى، وَالْعَفَافَ وَالْغِنٰى

‘হে আল্লাহ! আপনার কাছে হিদায়াত, তাকওয়া, চারিত্রিক পবিত্রতা এবং সচ্ছলতা কামনা করছি।’^[৮৩০]

[৮৩১] আবু সিরমাহ রাঃ থেকে বর্ণিত, নবি সঃ বলেছেন,

[৯২৩] আল মুসতাদরাক আলাস সহীহাইন, হাদীস নং : ১৮৭৮, সহীহ

[৯২৪] সহীহ মুসলিম, হাদীস নং : ২৭২১; সুনানুত তিরমিজি, হাদীস নং : ৩৪৮৯, সহীহ

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ غِنَايَ، وَغِنَى مَوْلَايَ

‘হে আল্লাহ! আপনার কাছে আমার সচ্ছলতা এবং আমার আপনজনের সচ্ছলতা কামনা করি।’^[১২৫]

[৮৩২] আবু হুরায়রা রাঃ থেকে বর্ণিত, নবি সঃ আমাদেরকে বিছানায় গিয়ে এ দুআ পড়তে বলতেন,

اللَّهُمَّ رَبَّ السَّمَوَاتِ السَّبْعِ وَرَبَّ الْأَرْضِ، وَرَبَّ
الْعَرْشِ الْعَظِيمِ، رَبَّنَا وَرَبَّ كُلِّ شَيْءٍ، فَالِقَ الْحَبِّ
وَالنَّوَى، وَمُنْزِلَ التَّوْرَةِ وَالْإِنْجِيلِ، وَالْفُرْقَانِ، أَعُوذُ
بِكَ مِنْ شَرِّ كُلِّ دَابَّةٍ أَنْتَ آخِذٌ بِنَاصِيَتِهَا، اللَّهُمَّ أَنْتَ
الْأَوَّلُ فَلَيْسَ قَبْلَكَ شَيْءٌ، وَأَنْتَ الْآخِرُ فَلَيْسَ بَعْدَكَ
شَيْءٌ، وَأَنْتَ الظَّاهِرُ فَلَيْسَ فَوْقَكَ شَيْءٌ، وَأَنْتَ الْبَاطِنُ
فَلَيْسَ دُونَكَ شَيْءٌ، اقْضِ عَنَّا الدَّيْنَ وَأَغْنِنَا مِنَ
الْفَقْرِ

‘হে আল্লাহ! আকাশ, পৃথিবী এবং মহান আরশের অধিপতি! হে আমাদের রব এবং সবকিছুর পালনকর্তা! হে বীজ এবং উদ্ভিদের সৃষ্টিকর্তা! হে তাওরাত, ইনজিল এবং ফুরকান অবতীর্ণকারী! আপনার কাছে আমি সব প্রাণীর অনিষ্ট থেকে আশ্রয় চাই—যাদের সবার নিয়ন্ত্রণ আপনার হাতে। হে আল্লাহ! আপনিই শুরু, আপনার আগে কোনো কিছুর অস্তিত্ব নেই। আর আপনিই শেষ, আপনার পরে কোনো কিছু নেই। আপনি প্রকাশ্য, আপনার উর্ধ্বে কেউ নেই। আপনি গোপন (বিষয়ের দ্রষ্টা), আপনার অগোচরে কিছু নেই। আমাদের ঋণ আপনি পরিশোধ করে দিন এবং দরিদ্রতা

নবিজির ওপর দরুদ ও সালাম

মহান আল্লাহর নির্দেশ

[৯৬৩] কুরআনুল কারীমে নবি ﷺ-এর প্রতি দরুদ ও সালাম পেশ করার তাগিদ দেওয়া হয়েছে। আল্লাহ তাআলা বলেন,

إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ
أَمَنُوا صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا ﴿٩٦٣﴾

নিশ্চয়ই আল্লাহ তাআলা নবির ওপর অনুগ্রহ বর্ষণ করেন, তাঁর ফেরেশতাগণ নবির জন্য অনুগ্রহ কামনা করে। হে মুমিনগণ, তোমরাও নবির ওপর দরুদ পাঠ করো এবং তাকে যথাযথভাবে সালাম জানাও। [১০৬১]

দরুদ পাঠের ফজিলত

[৯৬৪] আবু হুরায়রা রাঃ থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সঃ বলেছেন, যে ব্যক্তি আমার ওপর একবার দরুদ পাঠ করবে, মহান আল্লাহ তার ওপর দশবার রহমত নাযিল করবেন। [১০৬২]

[৯৬৫] আনাস ইবনু মালিক রাঃ হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সঃ বলেছেন, যে ব্যক্তি আমার ওপর একবার দরুদ পাঠ করবে, আল্লাহ তাআলা তার ওপর দশবার রহমত নাযিল করবেন, তার দশটি গুনাহ মাফ করে দেবেন, এবং তার দশটি মর্যাদার স্তর বাড়িয়ে দেবেন। [১০৬৩]

[১০৬১] সূরা আহযাব, ৩৩ : ৫৬

[১০৬২] সহীহ মুসলিম, হাদীস নং : ৪০৮; সুনানুত তিরমিজি, হাদীস নং : ৪৮৫, সহীহ

[১০৬৩] সুনানুন নাসাঈ, হাদীস নং : ১২৯৭; মুসনাদু আহমাদ, ১২০১৭; সহীহ

[৯৬৬] আবু তালহা رضي الله عنه বলেন, একদিন রাসূলুল্লাহ ﷺ বেশ আনন্দিত চেহারা নিয়ে আমাদের কাছে আসলেন। আমরা বললাম, হে আল্লাহর রাসূল! আপনার চেহারা মোবারক এত হাসিখুশি দেখতে পাচ্ছি? রাসূলুল্লাহ ﷺ বললেন, আমার কাছে এক ফেরেশতা এসে বললেন: আপনার রব বলেছেন, আপনি কি এতে সন্তুষ্ট নন—কেউ যদি আপনার ওপর একবার দরুদ পাঠ করে, তাহলে তার ওপর আমি দশ বার রহমত প্রদান করব? কেউ যদি আপনার ওপর এক বার সালাম জানায়, তাহলে তার ওপর দশ বার সালাম জানাব? [১০৬৪]

আযানের পর দরুদ পাঠ

[৯৬৭] আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস رضي الله عنه থেকে বর্ণিত। নবি ﷺ বলেছেন, মুয়াযযিনকে আযান দিতে শুনলে তোমরা তার অনুরূপ বলবে। এরপর আমার ওপর দরুদ পাঠ করবে। কেননা, যে ব্যক্তি আমার ওপর এক বার দরুদ পাঠ করে, আল্লাহ তার ওপর দশ বার রহমত বর্ষণ করেন। এরপর আমার জন্য আল্লাহর কাছে ওসিলা প্রার্থনা করবে। কেননা, ওসিলা জান্নাতের একটি সম্মানজনক স্থান। এটা আল্লাহর বান্দাদের মধ্যে কেবল একজনকেই দেওয়া হবে। আশা করছি, আমিই হব সেই বান্দা। যে ব্যক্তি আল্লাহর কাছে আমার জন্যে ওসিলা প্রার্থনা করবে, (আমার) শাফায়াত তার জন্য ওয়াজিব হয়ে যাবে। [১০৬৫]

কতটুকু সময় দরুদের জন্য বরাদ্দ থাকবে

[৯৬৮] উবাই ইবনু কাব رضي الله عنه বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমি তো আপনার ওপর বেশি বেশি দরুদ পাঠ করি। দরুদ পাঠের জন্য আমি কতটুকু সময় বরাদ্দ করব? নবি ﷺ বললেন, তোমার মন যত চায়। আমি বললাম, এক-চতুর্থাংশ সময়? তিনি বললেন, যতটুকু তুমি চাও। তবে আরও বাড়ালে তা তোমার জন্য কল্যাণকর হবে। আমি বললাম, দুই-তৃতীয়াংশ? তিনি বললেন, তোমার মন যত চায়। তবে আরও বাড়ালে তা তোমার জন্য কল্যাণকর হবে। আমি বললাম, তাহলে পুরোটা সময়ই

[১০৬৪] মুসনাদু আহমাদ, হাদীস নং : ৪/২৯; আত-তারগীব, হাদীস নং : ২/৪৯৪; হাসান

[১০৬৫] সহীহ মুসলিম, হাদীস নং : ৩৮৪

আপনার ওপর দরুদ পাঠ করব? তিনি বললেন, তবে তো তোমার সকল পেরেশানি দূর করে দেওয়া হবে এবং সমস্ত পাপ ক্ষমা করা হবে।^[১০৬৬]

আমলের দিক থেকে যে ব্যক্তি কৃপণ

[৯৬৯] আলি রা বলেন, রাসূলুল্লাহ স বলেছেন, সেই ব্যক্তি কৃপণ, যার নিকট আমার কথা উল্লেখ করা হলো কিন্তু সে আমার ওপর দরুদ পাঠ করল না।^[১০৬৭]

আমাদের দরুদ নবিজির কাছে পৌঁছে যাবে

[৯৭০] আউস ইবনু আউস রা থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ স বলেছেন, তোমাদের দিনগুলোর মধ্যে জুমুআর দিন সর্বোত্তম। এ দিনই আদম আ-কে সৃষ্টি করা হয়েছে। এ দিনই শিঙায় ফুঁ দেওয়া হবে এবং কিয়ামত সংঘটিত হবে। কাজেই এই দিনে তোমরা আমার ওপর বেশি বেশি দরুদ পাঠ করবে। কারণ, তোমাদের দরুদ আমার কাছে পেশ করা হবে।

এক ব্যক্তি তখন বলল, হে আল্লাহর রাসূল! আমাদের পাঠিত দরুদ আপনার নিকট কিভাবে পেশ করা হবে, অথচ আপনি তো মাটির সাথে মিশে যাবেন? জবাবে নবি স বললেন, আল্লাহ তাআলা নবিদের দেহ ভক্ষণ করাকে মাটির জন্য হারাম করে দিয়েছেন।^[১০৬৮]

[৯৭১] আবু হুরায়রা রা থেকে বর্ণিত। রাসূলুল্লাহ স বলেছেন, কেউ আমার ওপর সালাম পেশ করলে আল্লাহ আমার রুহ ফিরিয়ে দেন এবং আমি তার সালামের জবাব দিই।^[১০৬৯]

দুআ কবুলের মাধ্যম

[১০৬৬] সুনানুত তিরমিজি, হাদীস নং : ২৪৫৭; সহীহাহ, হাদীস নং : ৯৫৪; সহীহ

[১০৬৭] সুনানুত তিরমিজি, হাদীস নং : ৩৫৪৬; ইমাম তিরমিজি বলেন, হাদীসটি হাসান-সহীহ-গারীব।

[১০৬৮] সুনানু ইবনি মাজাহ, হাদীস নং : ১৬৩৬; সহীহ ইবনু খুযাইমা, হাদীস নং : ১৬৩৬ ৩/১১৮, হাসান

[১০৬৯] সুনানু আবী দাউদ, হাদীস নং : ২০৪১; সহীহ

তোমাদের সাহায্য করেন এবং মুমিনদের অন্তর জুড়িয়ে দেন।^[১১৯৮]

يَا أَيُّهَا النَّاسُ قَدْ جَاءَ تَكْمُمُوعِظَةٌ مِّن رَّبِّكُمْ وَشِفَاءٌ
لِّمَا فِي الصُّدُورِ ۖ وَهُدًى وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ ﴿٥٤﴾

হে লোকসকল! তোমাদের কাছে এসেছে তোমাদের প্রতিপালকের
পক্ষ থেকে একটি উপদেশ, অন্তরে থাকা ব্যাধির উপশম এবং
মুমিনদের জন্য হিদায়াত ও রহমত।^[১১৯৯]

ثُمَّ كُلٍّ مِّن كُلِّ الثَّمَرَاتِ فَاسْلُكِي سُبُلَ رَبِّكِ ذُلًّا ۖ
يَخْرُجُ مِنْ بَطُونِهَا شَرَابٌ مُّخْتَلِفٌ أَلْوَانُهُ فِيهِ شِفَاءٌ
لِّلنَّاسِ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِّقَوْمٍ يَتَفَكَّرُونَ ﴿٦٩﴾

এরপর সব ধরনের ফল থেকে খাও। তারপর তোমার পালনকর্তা
তোমার জন্য যেসব পথ সহজ করে দিয়েছেন, সেসবে চলো।
(এভাবে) তার পেট থেকে বিভিন্ন রংয়ের পানীয় নির্গত হয়,
যা-তে মানুষের জন্য রয়েছে রোগের প্রতিকার। নিশ্চয়ই
এগুলোতে সেসব লোকদের জন্য একটি নিদর্শন আছে, যারা
চিন্তাভাবনা করে।^[১২০০]

وَنَزَّلَ مِنَ الْقُرْآنِ مَا هُوَ شِفَاءٌ وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ ۖ
وَلَا يَزِيدُ الظَّالِمِينَ إِلَّا خَسَارًا ﴿٨٢﴾

কুরআনে এমন বিষয় আমি নাযিল করি, যা মুমিনের জন্য
রোগমুক্তি এবং রহমত। তবে জালিমদের তো এতে শুধু ক্ষতিই

[১১৯৮] সূরা তাওবা, ৯ : ১৪

[১১৯৯] সূরা ইউনুস, ১০ : ৫৭

[১২০০] সূরা নাহল, ১৬ : ৬৯

বৃদ্ধি পেয়ে থাকে।^[১২০১]

وَإِذَا مَرَضْتُ فَهُوَ يَشْفِينِي^ط

আমি যখন অসুস্থ হই, তখন তিনিই আমাকে আরোগ্য দান করেন।^[১২০২]

وَلَوْ جَعَلْنَاهُ قُرْآنًا أَعْجَبِيَّا لَقَالُوا لَوْلَا فُصِّلَتْ آيَاتُهُ
 ءَأَعْجَبِيٌّ وَعَرَبِيٌّ قُلْ هُوَ لِلَّذِينَ آمَنُوا هُدًى وَشِفَاءٌ
 وَالَّذِينَ لَا يُؤْمِنُونَ فِي آذَانِهِمْ وَقْرٌ وَهُوَ عَلَيْهِمْ عَمًى
 أُولَٰئِكَ يُنَادَوْنَ مِنْ مَّكَانٍ بَعِيدٍ^ط

আমি যদি একে অনারব ভাষার কুরআন করতাম, তবে অবশ্যই তারা বলত, ‘এর আয়াতগুলো স্পষ্ট করা হলো না কেন? কী আশ্চর্য, অনারব ভাষায় (কিতাব) আর আরবিভাষী (রাসূল)!’ আপনি বলে দিন, এটা ঈমানদারদের জন্য হিদায়াত এবং (রোগের) উপশম। যারা মুমিন নয় তাদের কানে (লাগানো) আছে ছিপি, আর এটা (অর্থাৎ কুরআন) তাদের জন্যে অন্ধত্ব। ওদেরকে (যেন) দূরবর্তী স্থান থেকে ডাকা হচ্ছে।^[১২০৩]

সাকিনা (প্রশান্তি)-সংক্রান্ত

وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ إِنَّ آيَةَ مُلْكِهِ أَنْ يَأْتِيَكُمُ التَّابُوتُ
 فِيهِ سَكِينَةٌ مِّنْ رَبِّكُمْ وَبَقِيَّةٌ مِّمَّا تَرَكَ آلُ مُوسَىٰ وَ
 آلُ هَارُونَ تَحْمِلُهُ الْمَلَائِكَةُ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِّكُم مِّنَ

[১২০১] সূরা ইসরা, ১৭ : ৮২

[১২০২] সূরা শুআরা, ২৬ : ৮০

[১২০৩] সূরা ফুসসিলাত, ৪১ : ৪৪